

তারিখ
 পৃষ্ঠা ... কলাম ...

সৈয়দপুর কয়ানিজপাড়া উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের বিভিন্ন অভিযোগ ॥ তদন্ত দাবি

সৈয়দপুর থেকে নিজস্ব সংবাদদাতা প্রধান শিক্ষক শরিফ উদ্দিনের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। কুমিল্লা পরিচালনায় বর্তমানে ই. য. ব. ব. অবস্থা বিবাক্ত করছে। শহরের গণ্যমান্য ব্যক্তিবর্গ এলাকাবাসীসহ মানেজিং কমিটির একটি অংশের অভিযোগে দুর্নীতিপরায়ন ওই শিক্ষকের বিরুদ্ধে অনির্দিষ্ট অভিযোগ তদন্ত করে কুমিল্লা পরিচালনায় সঠিক ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হয়েছে।

অভিযোগে জানা যায়, প্রধান শিক্ষক নিজ ইচ্ছেমত কৌশলে পছন্দমতো কমিটি গঠন করাসহ একের পর এক দুর্নীতি করে চলেছেন। গত বছর তিনি অভিভাবক সদস্য নির্বাচন না করে কাগজপত্র ঠিক রেখে কৌশলে তার নিজস্ব লোককে সদস্য নির্বাচিত করেন। সভাপতি হিসেবে কামারপুকুর ইউনিয়নের বাসিন্দা আবুল হোসেন আদানীকে নিয়োগ করেন। বিভিন্ন সময় এ রকম পকেট কমিটি গঠন করে অর্থ ব্যয়ের হিসাবসহ সবকিছু নিজ ইচ্ছেমতো করে চলেছেন। সৈয়দপুর শহরের প্রায় সব কুমিল্লা কমিটিতে একজন সরকারি কর্মকর্তা সভাপতি হিসেবে থাকলেও এ কুমিল্লাতে তা করা হয়নি। প্রধান শিক্ষক শহরের বিদ্যাৎসাহীদের এড়িয়ে তার গ্রামের বাড়ি থেকে লোক এনে সভাপতির আসনে বসিয়েছেন। প্রধান শিক্ষক শরিফ উদ্দিনের গত ১০ই জানুয়ারি চাকরি মেয়াদ শেষ হলেও তিনি ওই পকেট কমিটি দিয়ে ২ বছর চাকরিসীমা বাড়িয়েছেন। ৯ সদস্যের কমিটির একটি অংশকে বাদ রেখে সঞ্চার মিটিং রেজুলেশন চূড়ান্ত করছেন তিনি। এছাড়া অর্থের বিনিময়ে বোর্ড নিয়মের তোয়াক্কা না করে ফেইল করা শিক্ষার্থীদের ওপর শ্রেণীতে ও এসএসসি পরীক্ষাতেও অংশ নেয়াচ্ছেন। এতে করে শিক্ষার মান নিম্নমুখী হচ্ছে।

অভিযোগকারীরা এ কমিটি বাতিল এবং অনিয়মের অভিযোগ তদন্ত করে প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে আত্মপদক্ষেপ কামনা করেছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে।

পিন্ডুল উদ্ধার

সৈয়দপুর থানার পুলিশ একটি পিন্ডুল উদ্ধার করেছে। গত ৭ই ফেব্রুয়ারি টেকনিক্যাল কলেজ ক্যাম্পাসে পরিভ্রমণে অবস্থায় পিন্ডুলটি উদ্ধার করা হয়। ঘটনার ৩ দিন বেলা ১০টার দিকে কলেজের পিয়ন ক্যাম্পাস এলাকার মসজিদের সামনে একটি পুতানো কোটে নেদা গাছের ওড়ি উঠাতে গিয়ে পলিথিনে মোড়ানো পিন্ডুলটি দেখতে পায়। কলেজ কর্তৃপক্ষ ব্যাপারটি থানায় জানালে পুলিশ পিন্ডুলটি উদ্ধার করে।